1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(১)

MV - 4,40.000/-

04 MAY 2001

Admissible under Rule 21 duly stamped (or exempt from or does not require stamp duty under the Indian Stamp Act. 1899 and I. S. (W. B. Amendment) Act. 1992.
Schedule 1A No.
Fees paid
Total P/Fees Rs. 1177

Sri/Smt. S. Hazra
deposited Deficit S/Duties worth Rs. 2200 minus 1675
525 only
out of his own will under
336360
dtd.
of S. B. I.
Hence, the [illegible] DULY STAMPED u/s 41 of I. S. Act, 1899.

A. D. S. R. Asansol
& Collector u/s 41
of I. S. Act. 1899.
29.5.2001

দানপত্র দলিল ,

দানকৃত সম্পত্তির বাজার দর মূল্য ৩,৩৩,০০০ টাকা ,

থানা - হীরাপুর , মৌজা ঃ- সাঁতা মধ্যে ,

দাগনং আর, এস, ২৭৩১

পরিমাণ ৬ কাঠা ১৫-১/৩ ছটাক ,

দানপত্র গ্রহীতা:-

১) শ্রীমান্ সুকুমার হাজরা , ২) শ্রীমান্ তুষারকান্তি হাজরা , পিতা শ্রী হরি সাধন হাজরা , জাতি হিন্দু, পেশা চাকুরী আদি, সাকিম সাঁতা , পো: বার্নপুর , থানা হীরাপুর, চৌকি ও সব্ রেজিস্ট্রারী আসানসোল, জেলা বর্ধমান ।






দানপত্র দাতা:-

শ্রী হরি সাধন হাজরা, পিতা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা, জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত চাকুরীয়া, সাকিম সাঁতা, পোঃ বার্নপুর, থানা হীরাপুর, চৌকি ও সব্ রেজিস্ট্রারী আসানসোল, জেলা বর্ধমান।

কস্য রায়তী স্বত্ত্বীয় বাস্তু ভিটা খালি ভূমির শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে:- দানগ্রহীতাগণ তোমরা আমার ঔরসজাত স্নেহের দুই পুত্র হইতেছ এবং আমার এই বৃদ্ধ বয়সে আমার প্রতি যথেষ্ট ভক্তি শ্রদ্ধা সহকারে আমার সেবাযত্ন করিয়া আসিতেছ এবং আশা রাখি আমার জীবন কালতক্ এইরূপে তোমরা আমার সেবাযত্ন করিবে, ইহা আমার দৃঢ় বিশ্বাস আছে। এমতে আমি তোমাদের প্রতি স্নেহ বশতঃ আমার স্বত্ত্ব দখলিয় সম্পত্তি মধ্যে নিম্নের তপশীলে বর্ণিত ভিটা বাস্তু খালি ভূমি তোমাদের বরাবর দান

100Rs.

INDIA NON JUDICIAL

१००रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৩)

শ্রীহরিসাধন হাজরা

করিয়া দিব দৃঢ় সংকল্প করিয়াছি, ।এক্ষনে আমার উক্ত দান করিবার ইচ্ছা তোমাদের নিকট জ্ঞাপন করায় তোমরা উক্ত দান স্বানন্দে গ্রহন করিতে ইচ্ছুক হওয়ায় আমি আমার স্বত্ত্ব দখলিয় যাহা নিম্নের তপশীলে বর্নিত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি বিগত আর, এস, রেকর্ডের মালিক অধুনা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা পিতা স্বর্গীয় রামশরন হাজরা, মহাশয়ের একাএক স্বত্ত্ব দখলিয় সম্পত্তিতে তিনি তাঁহার জীবিত কালতক্ সম্পূর্ন স্বত্ত্ব দখলের মালিক থাকিয়া বিগত ইংরাজী ৫.১০.১৯৬৮ তারিখে তিনি তাঁহার তিন পুত্র যথাক্রমে হরিসাধন হাজরা অর্থাৎ দানপত্র দাতা এবং অপর দুই পুত্র হরিভজন হাজরা এবং হরি নারায়ন হাজরা, এবং দুই কন্যা যথাক্রমে শ্রীমতি কালিদাসী গায়েন স্বামী ছকড়ি গায়েন এবং অপর কন্যা গীতারানী পান্ডা (অধুনা মৃত) ও তাঁহার পত্নী শান্তবালা হাজরা এই ছয়জনকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৭৫ রু.

75 RS

SEVENTY FIVE RUPEES



করিলে তাঁহার ত্যক্ত ~~সম্পত্তি সকল~~ তাঁহার উক্ত তিন পুত্র ও দুই কন্যা এবং তাঁহার পত্নী এই ছয়জনে হিন্দু উত্তরাধিকার আইন মূলে সম ছয় অংশে ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে তাঁহারা মালিক দখলকার ও দখলকারিনী থাকাকালে তাহাদের মধ্যে তাঁহারপত্নী অর্থাৎ উক্ত গৌরী শঙ্কর হাজরার পত্নী অর্থাৎ আমার মাতাঠাকুরানী শ্রীঃ তবালা হাজরা গত ইংরাজী ১৮.১০.১৯৭৭ তারিখে তাঁহার উক্ত তিন পুত্র এবং দুই কন্যাকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে তাঁহার উক্ত তিন পুত্র এবং দুই কন্যা তাঁহার একের ছয় অংশের সম্পত্তি সকল সম অংশে ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হয়েন ~~এবং উক্ত সম্পত্তি সকল~~ উক্ত হরিসাধন হাজরা অর্থাৎ দানপত্র দাতা, এবং হরি ভজন হাজরা, এবং হরি নারায়ন হাজরা এবং কালিদাসী গায়েন ও গীতারানী পান্ডা এই পাঁচ শরিক মিলিয়া সম অংশে প্রাপ্ত হয়েন এবং তাহারা আপন ~~আপন অংশ মোতাবেক~~ এজমালে মালিক দখলকার ও দখলকারিনী থাকাকালে তাহাদের মধ্যে উক্ত গীতারানী পান্ডা গত ইংরাজী ১৯৮০ সালের ১৮.১১ তারিখে তাহার দুই পুত্র যথাক্রমে নাবালক অমর নাথ

পান্ডা, ও নাবালক সোমনাথ পান্ডা এবং নাবালিকা কন্যা চন্দনা পান্ডা এবং স্বামী শ্রী বামাপদ পান্ডাকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে উক্ত গীতারানী পান্ডার ত্যক্ত অবিভক্ত একের পাঁচ অংশের সম্পত্তি তাঁহার উক্ত দুই পুত্র এক কন্যা এবং তাঁহার স্বামী মহাশয় সম অংশে তাঁহার ত্যক্ত একের পাঁচ অংশের সম্পত্তি ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাদের অপর চারি শরিকের সহিত আপন আপন অংশ মোতাবেক এজমালে মালিক দখলকার ও দখলকারিনী থাকাকালে উক্ত সাঁতা মৌজার তপশীল বর্নিত আর, এস, ১১৭৭ নং খতিয়ান ভুক্ত আর, এস, ২৫৫০ এবং ২৭৩১ নং দাগ সম্পত্তি তাহাদের এজমালে স্বত্ত্ব দখল পরিচালনের অসুবিধা দেখা দেওয়ায় তাহারা উক্ত সম্পত্তি সকল চিহ্নিত মত ভাবে কদর অনুসারে বন্টনের জন্য তাহাদের মধ্যে উক্ত কালিদাসী গায়েন এবং গীতারানী পান্ডার ওয়ারিশানগণ সহ অপর শরিক হরিসাধন হাজরা অর্থাৎ দানপত্র দাতার ও হরি ভজন হাজরা এবং হরি নারায়ন হাজরা পিতা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা মহাশয়গনের বিরুদ্ধে বা বিবাদী পক্ষ হিসাবে এবং শরিক গণ্য করিয়া মহামান্য আসানসোল মোকামে প্রথম মুন্সেফী আদালতে ১৯৮৩ সালে ৫৬ নম্বর টাইটেল স্যুট মোকদ্দমা আনয়ণ করেন এবং উক্ত মোকদ্দমা চলাকালিন তাহাদের মধ্যে অর্থাৎ সকল শরিকগনের মধ্যে আপোষে চিহ্নিত করুন মতে বন্টন জন্য উক্ত আদালতে আপোষে নিষ্পত্তির জন্য বা সোলেনামা ডিক্রির জন্য মহামান্য উক্ত আসানসোল মোকামের প্রথম মুন্সেফী আদালতে ইংরাজী ৩০.৫.১৯৮৩ তারিখে সোলেনামা নিষ্পত্তির জন্য সোলেনামা দরখাস্ত সম্পাদন মতে দাখিল করেন এবং উক্ত সোলেনামা দরখাস্ত মূলে বা উক্ত সোলেনামা দরখাস্ত বিমর্জিম উক্ত মোকদ্দমা নিষ্পত্তি হয় এবং উক্ত আদালত কর্ত্তৃক উক্ত সোলেনামা মোতাবেক চূড়ান্ত ডিক্রি

র আদেশ হয় এবং উক্ত সোলেনামা ডিক্রি অনুসারে উক্ত টাইটেল স্যুট মোকদ্দমা ভুক্ত সম্পত্তি মধ্যে আর,এস, ২৭০১ এবং ২৫৫০ নং দাগ মধ্যে আমি দানপত্র দাতা আমার অনুকূলে ২৬ কাঠা ৭ ছটাক চিহ্নিত মত ভূমি নির্দিষ্ট ও সাব্যস্থ হয় এবং আমি দানপত্র দাতা উক্ত সোলেনামা ডিক্রি মূলে প্রাপ্ত নিম্নের তপশীল বর্নিত সম্পত্তি সহ মোট ২৬ ছাব্বিশ কাঠা ৭ সাত ছটাক চিহ্নিত মত ভূমিতে সম্পূর্ন স্বত্ত্ব দখলের মালিক দখলকার হইয়া এবং থাকিয়া উক্ত সম্পত্তি মধ্যে কতক সম্পত্তি ইতিপূর্বে হস্তান্তর ও বিক্রয় বাদে অবশিষ্ট সম্পত্তিতে আমি অদ্যবদ্ সম্পূর্ন স্বত্ত্ব দখলের মালিক থাকিয়া খাস দখলে দখলকার আছি ।এক্ষনে উক্ত স্বত্ত্ব দখলিয় সম্পত্তি মধ্যে নিম্নের (ক) তপশীল বর্নিত খালি ভূমি এবং যাহা অত্র সহ গ্রথিত নকসায় দর্শিত 'এ' চিহ্নিত প্লট এবং যাহা লাল রং এর রেখাদ্বারা বেষ্টিত অংশ ভূমি পরিমান ৩ কাঠা ৪ ছটাক সম্পূর্ন এবং বাদামী রং এর রঞ্জিত প্যাসেজ , ও একটি কুয়ার মোট পরিমান ২১৮'বর্গফুট মধ্যে কমন ব্যবহারের অদ্দের্ক অংশে ১০৯'বর্গফুট তলি ভূমি যায় কুয়ার অদ্দর্ধাংশ সহ ১ নং দান গ্রহীতা শ্রীমান্ সুকুমার হাজরার বরাবর দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে ১ নং দান গ্রহীতা তাহা স্বানন্দে গ্রহন করিতে ইচ্ছুক হইলে এবং নিম্নের (খ) তপশীল বর্নিত ভূমি যাহা অত্র সহ গ্রথিত নকসায় দর্শিত 'বি' চিহ্নিত প্লট এবং হলুদ রং এর রঞ্জিত অংশ ভূমি পরিমান ৩ কাঠা ৬½ সাড়ে ছয় ছটাক সম্পূর্ন এবং কমন ব্যবহারের নিমিত্ত উক্ত নকসায় দর্শিত বাদামী রং এর রঞ্জিত অংশ কমন প্যাসেজ এবং একটি কুয়ার অদ্দের্ক অংশ , যাহার মোট পরিমান ২১৮'বর্গফুট মধ্যে অদ্দের্ক অংশে ১০৯'বর্গফুট তলি ভূমি এবং প্যাসেজ এবং কুয়ার অদ্দর্ধাংশ সহ ২ নং দানগ্রহীতা শ্রীমান তুষার কান্তি হাজরা তোমার বরাবর দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে ২ নং দান গ্রহীতা উক্ত (খ) তপশীল বর্নিত সম্পত্তি স্বানন্দে গ্রহন করিতে ইচ্ছুক হইলে ।আমি দান দাতা অদ্য এই দানপত্র দলিল দ্বারা তোমাদের বরাবর দান করিয়া দিয়া সম্পূর্ন

নি:স্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম । দানকৃত যথাক্রমে ক, খ তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত্ব সামিত্ব লভ্য অধিকার আদি ছিল ও জন্মিয়াছিল তাহা আমা হইতে লুপ্ত হইয়া তোমাদের মধ্যে ১ নং দান গ্রহীতার অনুকূলে (ক) তপশীল বর্নিত সম্পত্তি সম্পূর্নরূপে অর্শিল ও বর্তিল এবং নিম্নের (খ) তপশীল বর্নিত সম্পত্তি ২ নং দান গ্রহীতার অনুকূলে সম্পূর্নরূপে অর্শিল ও বর্তিল ।এমতে তোমরা দান গ্রহীতাগণ মধ্যে ১ নং দাতা গ্রহীতা নিম্নের (ক) তপশীল বর্নিত সম্পত্তিতে এবং ২ নং দান গ্রহীতা নিম্নের (খ) তপশীল বর্নিত সম্পত্তিতে অদ্য তারিখ হইতে আমার যাবতীয় স্বত্ত্ব দখলে সম্পূর্ন স্বত্ত্ববান ও মালিক দখলকার হইয়া এবং তোমরা তোমাদের ইচ্ছামত আপন আপন দান প্রাপ্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্ব দখলে সম্পূর্ন স্বত্ত্ববান ও মালিক দখলকার হইয়া এবং থাকিয়া তোমাদের ইচ্ছামত উক্ত ভূমিতে নানা প্রকার গৃহাদি এবং ইমারত আদি নির্মান মতে বসবাস করত: এবং ইচ্ছামত কার্য্যে ব্যবহার করত: দান বিক্রয়াদি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতায় ত্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ক্রমে মায় স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরমসুখে যদিচ্ছামতে ভোগ দখল অধিকার করিতে থাকিবে তাহাতে আমার মায় অপর অন্য কোন ওয়ারিশানের কস্মিনকালে কোন প্রকার ওজরাপত্য বা দাবী দাওয়া কিছুমাত্র চলিবে না যদি কেহ করে কি করি তাহা সর্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবে ।

দানকৃত ক, খ তপশীল বর্নিত সম্পত্তি সম্পূর্ন নিদর্দায় ও মুক্ত থাকা অবস্থায় তোমাদিগকে যথাক্রমে ক, খ তপশীল বর্নিত সম্পত্তি দান করিলাম , এবং ১ দান গ্রহীতা অদ্য তারিখে (ক) তপশীল বর্নিত সম্পত্তিতে এবং ২ দান গ্রহীতা নিম্নের (খ) তপশীল বর্নিত সম্পত্তিতে খাস দখল প্রাপ্ত হইলে ।

দানকৃত সম্পত্তি মায় হারহারী খাজনায় তোমরা দান গ্রহীতাগণ আপন আপন দান প্রাপ্ত সম্পত্তির জন্য হারহারী মতে খাজনাদি পশ্চিম বঙ্গ সরকার পক্ষে বি, এল, এন্ড, এল,আর, ও, শ্রীরামপুর অফিসে আমার নামের স্থলে তোমাদের নিজ

নিজ মধ্যে নাম পত্তন মতে হারহারী মতে খাজনাদি আদায় দিবে তাহাতে আমাকে যাহা কিছু রুজু মোকাবিলা দিতে হয় তাহা দিব ও দিতে বাধ্য থাকিলাম ।

দানকৃত সম্পত্তির প্রকৃত পরিচয় এবং সীমারেখা নির্ণয় জন্য অত্র সহ এক কপি নকসা গ্রথিত হইল এবং গ্রথিত নকসায় লাল রং এর রঞ্জিত অংশ এবং 'এ' চিহ্নিত প্লট ষোল আনা অংশ ১ নং গ্রহীতা বরাবর দান হইল এবং উক্ত নকসায় দর্শিত হলুদ রং এর রঞ্জিত অংশ এবং 'বি' চিহ্নিত প্লট ২ নং দান গ্রহীতার অনুকূলে ষোল আনা অংশে দান হইল এবং বাদামী রং এর রঞ্জিত প্যাসেজ এবং একটি কুয়ার অর্দ্ধেক অংশ ১ নং গ্রহীতার বরাবর এবং বাকী অর্দ্ধেক অংশ ২ দান গ্রহীতার বরাবর কমন ব্যবহারের নিমিত্ত দান হইল এবং উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

দানকৃত সম্পত্তি আসানসোল আরবান এলাকা ভুক্ত থাকায় এবং ১৯৭৬ সালের আরবান ল্যান্ড সিলিং এবং রেগুলেশন এ্যাকটঅনুযায়ী ২৬ ধারা মতে - দান গ্রহীতা বরাবর দান করিবার নিমিত্ত ক, খ তপশীল বর্নিত সম্পত্তির জন্য মহামান্য কম্পিটেন্ট অথরিটী এবং এস, ডি, ও, আসানসোল মহোদয়ের ইউ, এল, সি, বিভাগে গত ইং ৭.১১.২০০০ তারিখে নোটিশ প্রদান করিয়াছি ।

দানকৃত (ক) তপশীল বর্নিত সম্পত্তির স্ট্যাম্প ফিস নির্ণয় জন্য ১,৬৩,০০০৲ এক লক্ষ তেষট্টি হাজার টাকা এবং (খ) তপশীল সম্পত্তির জন্য ১,৭০,০০০৲ এক লক্ষ সত্তোর হাজার টাকা সর্বমোট ৩,৩৩,০০০৲ তিন লক্ষ তেত্রিশ হাজার টাকা ধৃত করিয়া স্ট্যাম্প প্রদত্ত হইল ।

এতদর্থে আমি স্ব ইচ্ছায় সুস্থ চিত্তে সরল মনে অন্যের বিনা অনুরোধে এবং নিজ হিতার্থে আমি অদ্য এই দানপত্র দলিল পড়িয়া এবং দানপত্র দলিলের মর্ম্মাদি সম্যকরূপে অবগত হইয়া নিম্ন সাক্ষরকারী সাক্ষীগনের সমক্ষে অদ্য এই দানপত্র দলিল তোমাদের বরাবর সম্পাদন করিলাম। ইতি সন্ ১৪০৭ সাল তারিখ ১৪ই চৈত্র ইংরাজী তারিখ ২৮.৩.২০০১ সাল।

(ক) তপশীল সম্পত্তির বিবরন - যাহা ১ নং দান গ্রহীতা শ্রীমান্ সুকুমার হাজরার বরাবর দান হইল।

জেলা বর্ধমান, চৌকি ও সব্ রেজিস্ট্রারী অফিস আসানসোল, থানা হীরাপুর সামিল মৌজা সাঁতা মধ্যে আর, এস, ১১৭৭ নং খতিয়ান ভুক্ত রায়তী স্বত্বীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি, জে, এল, নং ২০, ওয়ার্ডনম্বর ১ অফ এ, এম, সি হইতেছে।

দাগনং আর, এস, ২৭৩১ দুই হাজার সাত শত একত্রিশ ভিটা খালি ভুমি মধ্যে অত্র সহ গ্রথিত নকসায় 'এ' চিহ্নিত প্লট এবং লাল রং এর রঞ্জিত অংশ খালি ভুমি পরিমান ৩ তিন কাঠা ৪ চারি ছটাক এর কাত .০৫৪ পয়েন্ট শুন্য চুয়ান্ন একর সম্যক খালি ভুমি দান হইল এবং উক্ত নকসায় দর্শিত বাদামী রং এর রঞ্জিত অংশ যাহা ৪টি কুয়া এবং ৫'ফুট প্রস্থ কমন প্যাসেজ, যাহার তলি ভুমির পরিমান মোট ২১৮'বর্গফুট মধ্যে কমন ব্যবহারের নিমিত্ত অর্দ্ধেক অংশে ১০৯' এক শত নয় বর্গফুট বা ২ ছটাক ১৯' বর্গফুট তলি ভুমি সায় কুয়া প্যাসেজ এর অর্দ্ধাংশ সহ দান হইল। মোট তলি ভুমির পরিমান ৩ তিন কাঠা ৬ ছয় ছটাক ১৯' উনিশ বর্গফুট এর কাত .০৫৭ পয়েন্ট শুন্য সাতান্ন একর সম্পত্তি মাত্র দান হইল।

ইহার মূল্য ১,৬০,০০০ টাকা , খাজনা হারহারী মতে দেয়।

(খ) তপশীল সম্পত্তির বিবরন:- যাহা ২ নং দান গ্রহীতা শ্রীমান্ তুষারকান্তি হাজরার বরাবর দান হইল।

জেলা বর্ধমান, চৌকি ও সব্ রেজিস্ট্রারী আসানসোল, থানা হীরাপুর, সামিল মৌজা সাঁতা মধ্যে আর, এস, ১১৭৭ নং খতিয়ান ভুক্ত রায়তীস্বত্বীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি মধ্যে, জে, এল, নং ২০।

দাগনং আর, এস, ২৭৩১ দুই হাজার সাত শত একত্রিশ ডিটী খালি ভূমি মধ্যে অত্র সহ গ্রথিত নকসায় 'বি' চিহ্নিত প্লট এবং হলুদ রং এর রঞ্জিত অংশ খালি ভূমি পরিমান ৩ তিন কাঠা ৬½ সাড়ে ছয় ছটাক এর কাত .০৫৬ পয়েন্ট ছাপান্ন একর সম্যক খালি ভূমি দান হইল এবং উক্ত নকসায় দর্শিত বাদামী রং এর রঞ্জিত অংশ যাহাতে ১টি কুয়া এবং ৫'ফুট প্রস্থ কমন প্যাসেজ যাহার তলি ভূমির পরিমান মোট ২১৮'বর্গফুট মধ্যে কমন ব্যবহারের নিমিত্ত অদের্ধক অংশে ১০৯' এক শত নয় বর্গফুট বা ২ ছটাক ১৯' বর্গফুট, তলি ভূমি মায় কুয়া প্যাসেজ এর অদর্ধাংশ সহ দান হইল। মোট তলি ভূমির পরিমান ৩ তিন কাঠা ৮ আট ছটাক ৪১' বর্গফুট এর কাত .০৫৯ পয়েন্ট শূন্য উনষাট একর সম্পত্তি মাত্র দান হইল। ইহার মূল্য ১,৭০,০০০ টাকা। খাজনা হারহারী মতে দেয়।

ক, খ তপশীল বর্নিত সম্পত্তি হারহারী খাজনা ধার্য্যমতে পশ্চিম বঙ্গ

সরকার পক্ষে বি, এল, এ্যা ড, এল, আর, ও, হীরাপুর বরাবর আদায় দিতে হয়।

(ক) ও (খ) তপশীলে সর্বমোট ভূমির পরিমান ৬ ছয় কাঠা ১৫১/৩ পনের পূর্ন এক এর তিন ছটাক সম্পত্তি মাত্র দান হইল । ইহার সর্বমোট মূল্য ৩,৩৩,০০০৲ টাকা ।

ক, খ তপশীলের হারহারী খাজনা ধার্য্যমতে পশ্চিম বঙ্গ সরকার পক্ষে বি, এল, এ্যা ড, এল, আর, ও, হীরাপুর বরাবর আদায় দিতে হয়।

অত্র দলিল দাতার কহত মত এবং
দলিল আদি দৃষ্টে প্রস্তুত
করিয়া পড়িয়া শুনাইয়া দিলাম ।

প্রস্তুত কারক:- শ্রী শ্রীবিভূ চন্দ্র মিশ্র

- দলিল লেখক -

লাইসেন্স নং ৩

সাং:- আপার চেলিডাঙ্গা, আসানসোল,

টাইপ কারক:- [signature]

সাং:- আসানসোল,

- ইসাদি -

১। শ্রী শ্রীবিভূ চন্দ্র মিশ্র
আসানসোল ৪

২। Subrata Sinha
Burnpur.

PLAN ANNEXED TO THE DEED OF GIFT.

EXECUTED BY:- SRI. HARISADHAN HAZRA.
S/o LATE GOURI SHANKAR HAZRA.

IN FAVOUR OF:- 1) SCH-'A'-SRI. SUKUMAR HAZRA
2) SCH-'B'-SRI. TUSAR. KANTI. HAZRA.
BOTH SONS OF SRI. HARISADHAN HAZRA.

MOUZA - SANTA, J.L.NO-20, P.S- HIRAPUR, DIST-BURDWAN.
R.S. KHATIAN. NO - 1977. PART OF R.S. PLOT NO - 2731.
WARD NO - 1. (CHHINYAMASTA ROAD NEAR CHITRA CINEMA.

SCALE - 33'-0" FT = 1" INCH.
CLASS:- ENCLOSED VACANT DANGA LAND FIT FOR BASTU.




REFERENCES.

1). SCH-'A'- AREA MEASURING 2350 SQ.FT. i.e-3 K.4 CH. APPROX.
(0.054 DEC) WITHIN PART OF R.S. PLOT. NO-2731
GIFTED TO SRI. SUKUMAR. HAZRA - SHOWN IN RED -

2) SCH-'B'- AREA MEASURING 2469 SQ.FT. i.e- 3 K.6½ CH. APPROX
(0.056 DEC) WITHIN PART OF R.S. PLOT. NO-2731.
GIFTED TO SRI TUSAR KANTI HAZRA - SHOWN IN YELLOW -

3) 5'-0" WIDE COMMON PASSAGE &
THE EXISTING WELL SHOWN IN BROWN -
(218 SQ.FT.)

DRAWN BY
A.K. BANERJEE
SENIOR SURVEYOR.